

2 0 1 9

BENGALI

( Major )

Paper : 5.6

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

১। নির্দেশানুযায়ী উত্তর দাও : ১×৭=৭

(ক) রাজশাহীর তড়িতানন্দ ঠাকুরকে কলেজের ছেলেরা কী বলে ডাকতো ?

(খ) “নগরের উপকণ্ঠে \_\_\_\_\_ জাবালির পর্ণকুটির।”  
( শূন্যস্থান পূরণ করো )

(গ) চাটুজ্যে মশায়ের মতানুযায়ী অনুব্রাচী নিবৃত্তির সময় কখন ?

(ঘ) ‘উলটপুরাণ’ গল্পে উল্লিখিত ব্রিটেনের জনসংখ্যার কত শতাংশ মহিলা ?

(ঙ) ‘বড়বাজার’-এর মেছোহাটায় মাছের দালাল কে ?

( 2 )

- (চ) “বুঝিয়াছি, লঘুচেতাদিগের মনের বন্ধন চাই; নহিলে মন উড়িয়া যায়।” কোন্ পাঠের অংশ ?
- (ছ) ‘কমলাকান্তের দপ্তর’-এর প্রবন্ধগুলো প্রথম কোন্ পত্রিকায় প্রকাশিত হয় ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

- (ক) “দেবীর এক হাতে বরাভয়, অপর হাতে সিগারেট।” কার কথা বলা হয়েছে ? তাঁর নিবাস কোথায় ?
- (খ) কচি সংসদের প্রেসিডেন্ট ও সেক্রেটারির নাম লেখো।
- (গ) “দোকানদারগণ বিনা ছানায়, শুধু গুড়ে আশ্চর্য্য সন্দেশ করিয়া, সস্তা দরে বিক্রয় করিতেছেন।” এখানে কোন্ দোকানদারদের কথা বলা হয়েছে ? প্রকৃতার্থে তারা কী বিক্রি করছিল ?
- (ঘ) ‘মনুষ্যফল’ প্রবন্ধে দেশী হাকিম ও অধ্যাপক ব্রাহ্মণদের কোন্ কোন্ ফলের সঙ্গে তুলনা করা হয়েছে ?

৩। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ, প্রতি গুচ্ছ থেকে অন্তত একটি করে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও :

৫×৩=১৫

ক—গুচ্ছ

- (ক) নিতাইবাবু কোন্ গল্পের চরিত্র ? তিনি কেন সাধু-সন্ন্যাসীর খোঁজ করছিলেন ? তিনি যে কজন বাবার সম্মান পেয়েছিলেন তাঁদের অতি সংক্ষিপ্ত পরিচয় দাও।

( 3 )

- (খ) বকুলাল দত্তের অন্তিম পরিণতি সম্পর্কে আলোকপাত করো।
- (গ) “নতুন সায়েবের তখন হাত ছুটল।” নতুন সায়েব কে ? কেন তার হাত ছুটেছিল ? এর পরিণতি কী হয়েছিল ?

খ—গুচ্ছ

- (ক) “একজন গব্যরস সৃজন করেন, আর একজন হাস্যরস সৃজন করেন। আমি উভয়ের নিকট বিনামূল্যে বিক্রীত।” কাদের কথা বলা হয়েছে ? লেখক কেন এরূপ মন্তব্য করেছেন ?
- (খ) ব্যাখ্যা করো :  
“তুমি বসন্তের কোকিল, শীত বর্ষার কেহ নও।”
- (গ) “আমিও—আমি শ্রীকমলাকান্ত চক্রবর্তী স্বয়ং, একদিন খানায় পড়িয়াছিলাম।” কমলাকান্ত কেন খানায় পড়েছিলেন ? প্রসঙ্গটি বিবৃত করো।

৪। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ, প্রতি গুচ্ছ থেকে অন্তত একটি করে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও :

১০×৩=৩০

ক—গুচ্ছ

- (ক) ‘জাবালি’ গল্প অবলম্বনে ঋষি জাবালির চারিত্রিক বৈশিষ্ট্যের পরিচয় দাও।
- (খ) ‘উলটপুরাণ’ গল্পটির নামকরণের সার্থকতা বিচার করো।

- (গ) 'কচি সংসদ' গল্পের কেট চরিত্রের বৈশিষ্ট্যগুলো বিশ্লেষণ করো।

খ—গুচ্ছ

- (ক) 'বড়বাজার' প্রবন্ধ অবলম্বনে কমলাকান্তের বাজার পরিভ্রমণের অভিজ্ঞতা বর্ণনা করো।
- (খ) 'কমলাকান্তের দপ্তর'-এর অন্তর্গত পঠিত প্রবন্ধের আশ্রয়ে বঙ্কিমচন্দ্রের হাস্যরস সৃষ্টির পারদর্শিতা সম্বন্ধে আলোচনা করো।
- (গ) কমলাকান্ত চক্রবর্তী নারীদের কোন্ ফলের সঙ্গে তুলনা করেছেন? সেই ফলের কোনো কোনো অংশের সঙ্গে তিনি নারীদের যে সব সাদৃশ্য খুঁজে পেয়েছেন তার পর্যালোচনা করো।

★ ★ ★